

অনুভব

হানবে, হানো তবে ব্যথার বিষ তীর  
জ্বালাতে চাও যদি জ্বালাও প্রাণ  
কাড়বে, কাড়ো তবে শেষের সম্বল  
ফুলের দিন জেনো হয় না অবসান  
শোষে না চকা বালি নদীর ধারা জল  
জীবন অস্থির হানবে হানো তীর ব্যথার বিষ তীর

দুখের শিং ধরের এই যে দিন রাত  
মুচড়ে ঘাড় তার লড়াই প্রাণপণে  
পাঁজর খসে আসে রক্তে ছড়াছড়ি  
ভাসছে পথ ঘাট, কেন সে কার টানে  
পাহাড় হয়ে থাকি জীবন ভাঙি গাড়ি  
যাচাই করে দাম ঘাত ও প্রতিঘাত

ঢাকতে পারে ম পৃথিবী নদী সব  
কাড়তে পারে কেউ বুকের ভালবাসা  
আকাশে কালি মেড়ে দেবে কে, কোন্ রাহু?  
ঘোচে না বাঁচা মরা ঘোচে না কাঁদা হাসা  
তাই তো তলোয়ার আমার দুই বাহু  
বাঁচছি সেই সব সেই তো অনুভব বিরাট অনুভব।

রাম বসু

